


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
পবাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
www.rmp.gov.bd

আদেশ নং- ১৬৫/২০২০

তারিখ : ২০/০৫/২০২০ খ্রিঃ।

আদেশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুসুল্লীদের জীবন ঝুঁকি বিবেচনা করে এ বছর পবিত্র ঈদ-উল-ফিতর এর জামায়াত ঈদগাহ/খোলা জায়গার পরিবর্তে নিকটস্থ মসজিদে আদায়, মুসুল্লীদের মাস্ক পরিধান, কাতারে দাড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় ও এক কাতার অন্তর দাঁড়ানো, জামায়াত শেষে কোলাকুলি ও হাত মেলোনা পরিহার ইত্যাদি বিষয়ে ধর্ম মন্ত্রণালয় বিজ্ঞপ্তি জারী করেছে। জনস্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় উল্লিখিত সরকারি নির্দেশনাসমূহ প্রতিপালনসহ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর/২০২০ উদযাপন উপলক্ষে ঈদ-উল-ফিতর এর পূর্বের দিন হতে পরের দিন পর্যন্ত রাজশাহী মহানগর এলাকার শান্তি শৃঙ্খলা রক্ষার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৬ (ঢ), ২৯ (ক), ২৯ (খ) ধারায় অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারক দ্রব্য বিক্রি/ব্যবহার, হিংসাত্মকভাবে আঘাত করার উদ্দেশ্যে অস্ত্রশস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা বা লাঠি ও বিস্ফোরক দ্রব্য বহন ও জায়নামাজ ছাড়া কোন ব্যাগ, ভারী বস্তু বা অন্য কোন দ্রব্যাদি বহন নিষিদ্ধ ঘোষণা করলাম। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোঃ হুমায়ুন কবির, বিপিএম, পিপিএম)

বিপি-৬৪৯১০০৮২৬২

পুলিশ কমিশনার

রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।